# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 11 July, 2025

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) হায়ার এডুকেশন রিসার্চ অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট) প্রকল্পের আওতায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মোট ৭টি গবেষণা প্রজেক্ট অনুমোদন পেয়েছে।এই গবেষণা প্রকল্পে পাঁচটি বিভাগের সাতজন শিক্ষক সুপারভাইজার হিসেবে মনোনীত হয়েছেন।

গতকাল বৃহস্পতিবার (১০ জুলাই)  বিশ্ববিদ্যালয়ের রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ডা. মোহাম্মদ শফিকুল ইসলাম এ তথ্য জানান।

অনুমোদিত প্রকল্পসমূহে সুপারভাইজার হিসেবে দায়িত্ব শিক্ষকরা হলেন - ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. আ ফ ম শহীদ-উদ-দৌলা ও অধ্যাপক ড. মোহাম্মদ শফিকুল ইসলাম, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. আসাদুন নবী, ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদ,

মৎস্য ও সামুদ্রিক বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. রাকেব-উল-ইসলাম, অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক মো. সাদ্দম হোসেন ও মো. গোলাম কিবরিয়া

এই প্রকল্পের মূল লক্ষ্য দেশের উচ্চশিক্ষার মানোন্নয়ন ও রূপান্তর সাধন।বিশেষ করে, বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণা কার্যক্রমকে আরও বেশি উৎসাহিত ও গতিশীল করা হচ্ছে এই প্রকল্পের মাধ্যমে।

এ প্রসঙ্গে অধ্যাপক ডা. মোহাম্মদ শফিকুল ইসলাম বলেন, "ইউজিসির হিট প্রকল্পে আমাদের গবেষণা প্রস্তাব অনুমোদিত হওয়াটা নিঃসন্দেহে একটি গর্বের বিষয়।এটি আমাদের শুধু উৎসাহিতই করছে না, বরং দেশের উচ্চশিক্ষা ও গবেষণার মানোন্নয়নে কার্যকর ভূমিকা রাখার একটি বাস্তব সুযোগ এনে দিয়েছে।

তিনি আরো বলেন, এই প্রকল্পের মাধ্যমে আমরা এমন কিছু গুরুত্বপূর্ণ গবেষণায় যুক্ত হতে পারব, যা আমাদের সমাজ, স্বাস্থ্য ও বিজ্ঞানভিত্তিক সমস্যার টেকসই সমাধান দিতে সক্ষম হবে।আমি বিশ্বাস করি, এই ধরণের উদ্যোগ একদিকে যেমন তরুণ গবেষকদের আগ্রহ বাড়াবে, তেমনি বিশ্ববিদ্যালয় পর্যায়ে একটি গবেষণা সংস্কৃতির বিকাশ ঘটাবে।

একই সঙ্গে আমাদের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং সহকর্মীদের সহযোগিতায় এ প্রকল্প সাফল্যের সঙ্গে বাস্তবায়ন করতে আমি আশাবাদী।"

নোবিপ্রবি নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:15

URL: https://timestodaybd.com/public/campus/6485824548